রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ১৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ভূমি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ/১৬ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ২৮১-আইন/২০২১।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা ভূমি মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "জিপিএ" অর্থ Grade Point Average (GPA);

(গ) "ডিগ্রি" বা "সার্টিফিকেট" অর্থ ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয়, স্বীকৃত বোর্ড বা স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রি বা শিক্ষাগত যোগ্যতা নির্দেশক সার্টিফিকেট এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক স্বীকৃত উক্ত ডিগ্রি বা সার্টিফিকেটের সমমানের শিক্ষাগত যোগ্যতাও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ঘ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(ঙ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোনো কর্মকর্তা;

(চ) **"পদ"** অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;



মূল্য : টাকা ২৪.০০

(ছ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে বর্ণিত সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

(জ) **"শিক্ষানবিশ"** অর্থ কোনো স্থায়ী শূন্য পদের জন্য শিক্ষানবিশ হিসাবে নিয়োগপ্রাপ্ত কোনো ব্যক্তি;

(ঝ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং

(ঞ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়", "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড" অর্থ আপাতত বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো "বিশ্ববিদ্যালয়", "বোর্ড" বা "কারিগরি শিক্ষা বোর্ড" এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা শিক্ষা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি সাপেক্ষে কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন; এবং

(খ) এইরূপ কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তদ্কর্তৃক মনোনীত কোনো মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে, কিংবা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় ঊর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য গণনাযোগ্য হইবে এবং জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধাদির জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, বিদ্যমান বেতন স্কেলের ১২তম গ্রেডের কোনো পদ হইতে ১১তম গ্রেডের কোনো পদে এবং ১১তম গ্রেডের কোনো পদ হইতে ১০ম বা তদূর্দ্ধ গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশি**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, নিয়োগের তারিখ হতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বর্ধিত করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদকালে কোনো শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক ছিল, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন এবং এই স্থায়ীকরণ তাহার চাকরিতে যোগদানের তারিখ হইতে কার্যকর হইবে; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না, সরকারি আদেশবলে সময় সময়, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) সিভিল আপিল নং ৪৮/২০১১ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১নং আইন) বাতিল ঘোষিত হওয়ায়, "The Kanungos Recruitment Rules, 1984, The Recruitment Rules for the Upazila Revenue Officers and Staff (Management side) Rules, 1985, The Non-Gazetted Technical Posts (State Acquisition Department) Recruitment Rules, 1985 এবং ভূমি হুকুম দখল অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বিধিমালা, ১৯৯০," অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইয়াছে।

(২) উক্তরূপ বিলুপ্ত হওয়া সত্ত্বেও, প্রজাতন্ত্রের কর্মের ধারাবাহিকতা বহাল ও অক্ষুণ্ন রাখিবার নিমিত্ত, জনস্বার্থে, উক্ত Rules এর অধীন—

(ক) কৃত কোনো কার্য, গৃহীত কোনো ব্যবস্থা, প্রদত্ত আদেশ, নিয়োগ, স্থায়ীকরণ বা পদোন্নতি এই বিধিমালার অধীন কৃত, গৃহীত বা প্রদত্ত বলিয়া গণ্য হইবে; এবং

(খ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা, এই বিধিমালার বিধানের সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পত্তি করিতে হইবে।

## তফসিল-১

[বিধি-২ (ঘ) দ্রষ্টব্য]

### জেলা রাজস্ব শাখা

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | রেভিনিউ ডেপুটি কালেক্টর | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২। | সহকারী কমিশনার (রেকর্ড রুম) | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৩। | জেনারেল সার্টিফিকেট অফিসার | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ৪। | উপ-সহকারী প্রকৌশলী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত কোনো প্রতিষ্ঠান হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ৫। | কানুনগো | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ডের অধীন সার্ভে ইনস্টিটিউট হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) সহ কোনো প্রতিষ্ঠানে সার্ভেয়িং সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের চাকরি; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (গ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ অথবা তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়।<br>**পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) সার্ভেয়ার পদে অন্যূন ১০ (দশ) বৎসর বা ড্রাফটসম্যান পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি; অথবা<br>(খ) "ভূমি সহকারী কর্মকর্তা ও ভূমি উপ-সহকারী কর্মকর্তা নিয়োগ বিধিমালা, ২০২১" এর তফসিলের ক্রমিক নং ১ এ উল্লিখিত ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৬। | সার্ভেয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ডের অধীন সার্ভে ইনস্টিটিউট হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল ৫ (পাঁচ) অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭। | উচ্চমান সহকারী/প্রধান সহকারী কাম হিসাব সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | নাজির-কাম-ক্যাশিয়ার বা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৩ (তিন) বৎসর চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৮। | ড্রাফটসম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাসের সিভিল ড্রাফটিং বিষয়ে ট্রেডকোর্স সনদপ্রাপ্ত; এবং<br>(গ) তফসিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৩০% পদোন্নতির মাধ্যমে। | <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u><br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৭ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br><u>পদোন্নতির ক্ষেত্রে :</u><br>(ক) তফসিল ২ এর ক্রমিক নং ১১ তে উল্লিখিত মোহরার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর বা প্রসেস সার্ভার/ জারিকারক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(ঘ) তফসিল-১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০। | কার্যসহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো অনুমোদিত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাসের সিভিল ড্রাফটিং সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল-৮ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১। | ট্রেসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ড্রয়িং বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল-১০ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | চেইনম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-১২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩। | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-১৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪। | নিরাপত্তা প্রহরী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-১২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

**তফসিল-২**
**[বিধি-২ (ঘ) দ্রষ্টব্য]**
**ভূমি অধিগ্রহণ শাখা**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | ভূমি অধিগ্রহণ কর্মকর্তা | - | প্রেষণে বদলির মাধ্যমে। | বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২। | অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা | - | পদোন্নতির মাধ্যমে। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কানুনগো পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৩। | কানুনগো | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৫০% পদোন্নতির মাধ্যমে। | **<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে</u> :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ডের অধীন সার্ভে ইনস্টিটিউট হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) সহ কোনো প্রতিষ্ঠানে সার্ভেয়িং সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের চাকরি;<br>(গ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ অথবা তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | পদোন্নতির ক্ষেত্রে : (ক) সার্ভেয়ার পদে অন্যূন ১০ (দশ) বৎসর বা ড্রাফটম্যান পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি; অথবা (খ) "ভূমি সহকারী কর্মকর্তা ও ভূমি উপ-সহকারী কর্মকর্তা নিয়োগ বিধিমালা, ২০২১" এর তফসিলের ক্রমিক নং ১ এ উল্লিখিত ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৪। | সার্ভেয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ডের অধীন সার্ভে ইনস্টিটিউট হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তফসিল ৫ (পাঁচ) অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫। | উচ্চমান সহকারী/প্রধান সহকারী কাম হিসাব সহকারী | - | পদোন্নতির মাধ্যমে। | নাজির-কাম-ক্যাশিয়ার বা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ৬। | ড্রাফটসম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হইতে অন্যূন ৬ (ছয়) মাসের সিভিল ড্রাফটিং বিষয়ে ট্রেডকোর্স সনদপ্রাপ্ত;<br>(গ) তফসিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭। | নাজির-কাম-ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৯ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | মোট পদের-<br>(ক) ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৩০% পদোন্নতির মাধ্যমে। | <u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**</u><br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৭ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br><u>**পদোন্নতির ক্ষেত্রে :**</u><br>(ক) মোহরার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর বা প্রসেস সার্ভার/জারিকারক পদে অন্যূন ৮ (আট) বৎসর চাকরি; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(ঘ) তফসিল-১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯। | গাড়িচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সসহ যানবাহন চালনায় পারদর্শী;<br>(গ) তফসিল-১৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০। | ট্রেসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো অনুমোদিত প্রতিষ্ঠান হইতে ড্রয়িং বিষয়ে অন্যূন ৬ (ছয়) মাসের সার্টিফিকেট কোর্স সনদপ্রাপ্ত;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল-১০ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১। | মোহরার | - | পদোন্নতির মাধ্যমে। | প্রসেস সার্ভার/জারিকারক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ১২। | প্রসেস সার্ভার/ জারিকারক | - | পদোন্নতির মাধ্যমে। | নিরাপত্তা প্রহরী, অফিস সহায়ক বা চেইনম্যান পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৩। | নিরাপত্তা প্রহরী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-১২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪। | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-১৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৫। | চেইনম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-১২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬। | পরিচ্ছন্নতা কর্মী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, মোট পদের ৮০% পদ জাত হরিজন সম্প্রদায়ের প্রার্থীগণের জন্য সংরক্ষিত থাকিবে, তবে জাত হরিজন সম্প্রদায়ের কোনো প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদ সাধারণ প্রার্থীর মধ্য হইতে পূরণ করা যাইবে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-১৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

# তফসিল-৩
[বিধি ২ (ঘ) দ্রষ্টব্য]
## উপজেলা/রাজস্ব সার্কেল ভূমি অফিস

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | সহকারী কমিশনার (ভূমি) | - | প্রেষণে বদলির মাধ্যমে | বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত কর্মকর্তাগণের মধ্য হইতে। |
| ২। | কানুনগো | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৫০% পদোন্নতির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ডের অধীন সার্ভে ইনস্টিটিউট হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) সহ কোনো প্রতিষ্ঠানে সার্ভেয়িং সংশ্লিষ্ট কাজে অন্যূন ১ (এক) বৎসরের চাকরি;<br>(গ) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ অথবা তৃতীয় বিভাগ বা সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) সার্ভেয়ার পদে অন্যূন ১০ (দশ) বৎসর বা ড্রাফটসম্যান পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি; অথবা |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) "ভূমি সহকারী কর্মকর্তা ও ভূমি উপ-সহকারী কর্মকর্তা নিয়োগ বিধিমালা, ২০২১" এর তফসিলের ক্রমিক নং ১ এ উল্লিখিত ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৩। | সার্ভেয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ডের অধীন সার্ভে ইনস্টিটিউট হইতে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভেয়িং) পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪। | হেড এ্যাসিস্ট্যান্ট-কাম- একাউন্ট্যান্ট | - | পদোন্নতির মাধ্যমে। | নাজির- কাম-ক্যাশিয়ার, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, সার্টিফিকেট পেশকার, সার্টিফিকেট সহকারী, ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী বা মিউটেশন-কাম-সার্টিফিকেট সহকারী পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |
| ৫। | নাজির-কাম-ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৯ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৬। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে;<br>(খ) ৩০% পদোন্নতির মাধ্যমে। | <u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে:</u><br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | | (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-৭ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) মোহরার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর বা প্রসেস সার্ভার/ জারিকারক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(গ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল-১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৭। | সার্টিফিকেট পেশকার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-১১ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮। | সার্টিফিকেট সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-১১ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৯। | ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-১১ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০। | মিউটেশন-কাম-সার্টিফিকেট সহকারী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) তফসিল-১১ ও ১৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১। | গাড়ীচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত লাইসেন্সসহ যানবাহন চালনায় পারদর্শী; এবং<br>(গ) তফসিল-১৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | প্রসেস সার্ভার/ জারিকারক | - | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক, নিরাপত্তা প্রহরী বা চেইনম্যান পদে ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ১৩। | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-১৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৪। | নিরাপত্তা প্রহরী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-১২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৫। | চেইনম্যান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-১২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

**তফসিল-৪**

**[বিধি ২ (ঘ) দ্রষ্টব্য]**

**ইউনিয়ন/পৌর ভূমি অফিস**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | প্রসেস সার্ভার/ জারি কারক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে | অফিস সহায়ক, নিরাপত্তা প্রহরী বা চেইনম্যান পদে ০৩ (তিন) বৎসরের চাকরি। |
| ২। | অফিস সহায়ক | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-১৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩। | পরিচ্ছন্নতা কর্মী | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে:<br>তবে শর্ত থাকে যে, মোট পদের ৮০ (আশি)% পদ জাত হরিজন সম্প্রদায়ের | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএসহ জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-১৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| | | | প্রার্থীগণের জন্য সংরক্ষিত থাকিবে, তবে জাত হরিজন সম্প্রদায়ের কোনো প্রার্থী পাওয়া না গেলে উক্ত পদ সাধারণ প্রার্থীর মধ্য হইতে পূরণ করা যাইবে। | |

**তফসিল-৫**

**[ বিধি ২(ঘ) দ্রষ্টব্য ]**

সার্ভেয়ার পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ক. লিখিত পরীক্ষা | | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ২৫ | | |
| ২। | ইংরেজি | ২৫ | | |
| ৩। | গণিত ও পদ সংশ্লিষ্ট বিষয় | ৩০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| খ. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট নম্বর : | | ১১০ | | |

**ব্যাখ্যা :** সার্ভেয়ার পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৬**

**[ বিধি ২(ঘ) দ্রষ্টব্য ]**

ড্রাফটসম্যান পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ক. লিখিত পরীক্ষা | | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ২৫ | | |
| ২। | ইংরেজি | ২৫ | | |
| ৩। | গণিত ও পদ সংশ্লিষ্ট বিষয় | ৩০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| খ. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট নম্বর : | | ১১০ | | |

**ব্যাখ্যা :** ড্রাফটসম্যান পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-৭**

**[ বিধি ২(ঘ) দ্রষ্টব্য ]**

অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ক. লিখিত পরীক্ষা | | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ২৫ | | |
| ২। | ইংরেজি | ২৫ | | |
| ৩। | গণিত ও পদ সংশ্লিষ্ট বিষয় | ৩০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| খ. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট নম্বর : | | ১১০ | | |

**ব্যাখ্যা :** অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন এবং তফসিল ১৬ তে বর্ণিত কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

## তফসিল-৮

**[ বিধি ২(ঘ) দ্রষ্টব্য ]**

কার্যসহকারী পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ক. লিখিত পরীক্ষা | | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ২৫ | | |
| ২। | ইংরেজি | ২৫ | | |
| ৩। | গণিত ও পদ সংশ্লিষ্ট বিষয় | ৩০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| খ. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট নম্বর : | | ১১০ | | |

**ব্যাখ্যা :** কার্যসহকারী পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন এবং তফসিল ১৬ তে বর্ণিত কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

## তফসিল-৯

**[ বিধি ২(ঘ) দ্রষ্টব্য ]**

নাজির কাম-ক্যাশিয়ার পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ক. লিখিত পরীক্ষা | | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ২৫ | | |
| ২। | ইংরেজি | ২৫ | | |
| ৩। | গণিত ও পদ সংশ্লিষ্ট বিষয় | ৩০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| খ. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট নম্বর : | | ১১০ | | |

**ব্যাখ্যা :** নাজির কাম-ক্যাশিয়ার পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন এবং তফসিল ১৬ তে বর্ণিত কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

## তফসিল-১০

**[ বিধি ২(ঘ) দ্রষ্টব্য ]**

ট্রেসার পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ক. লিখিত পরীক্ষা | | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ২৫ | | |
| ২। | ইংরেজি | ২৫ | | |
| ৩। | গণিত ও পদ সংশ্লিষ্ট বিষয় | ৩০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| খ. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট নম্বর : | | ১১০ | | |

**ব্যাখ্যা :** ট্রেসার পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন এবং তফসিল ১৬ তে বর্ণিত কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-১১**

**[ বিধি ২(ঘ) দ্রষ্টব্য ]**

সার্টিফিকেট পেশকার, সার্টিফিকেট সহকারী, ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী, মিউটেশন-কাম-সার্টিফিকেট সহকারী পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ক. লিখিত পরীক্ষা | | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ২৫ | | |
| ২। | ইংরেজি | ২৫ | | |
| ৩। | গণিত ও পদ সংশ্লিষ্ট বিষয় | ৩০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| খ. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট নম্বর : | | ১১০ | | |

**ব্যাখ্যা :** সার্টিফিকেট পেশকার, সার্টিফিকেট সহকারী, ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী, মিউটেশন-কাম-সার্টিফিকেট সহকারী পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন এবং তফসিল ১৬ তে বর্ণিত কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

## তফসিল-১২

**[ বিধি ২(ঘ) দ্রষ্টব্য ]**

নিরাপত্তা প্রহরী, চেইনম্যান পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ক. লিখিত পরীক্ষা | | ৭০ | ৫০% | ৬০ মিনিট |
| ১। | বাংলা | ২০ | | |
| ২। | ইংরেজি | ২০ | | |
| ৩। | গণিত ও পদ সংশ্লিষ্ট বিষয় | ২০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ১০ | | |
| খ. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট নম্বর : | | ৮০ | | |

**ব্যাখ্যা :** নিরাপত্তা প্রহরী, চেইনম্যান পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

## তফসিল-১৩

**[ বিধি ২(ঘ) দ্রষ্টব্য ]**

অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ক. লিখিত পরীক্ষা | | ৭০ | ৫০% | ৬০ মিনিট |
| ১। | বাংলা | ২০ | | |
| ২। | ইংরেজি | ২০ | | |
| ৩। | গণিত ও পদ সংশ্লিষ্ট বিষয় | ২০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ১০ | | |
| খ. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট নম্বর : | | ৮০ | | |

**ব্যাখ্যা : অফিস সহায়ক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।**

**তফসিল-১৪**

**[ বিধি ২(ঘ) দ্রষ্টব্য ]**

গাড়ীচালক পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ক. লিখিত পরীক্ষা | | ৪০ | ৫০% | ৬০ মিনিট |
| ১। | বাংলা | ১৫ | | |
| ২। | ইংরেজি | ১০ | | |
| ৩। | গণিত ও পদ সংশ্লিষ্ট বিষয় | ১৫ | | |
| খ. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট নম্বর : | | ৫০ | | |

ব্যাখ্যা : গাড়ীচালক পদে লিখিত পরীক্ষা এবং বিআরটিএ কর্তৃক মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে গৃহীত ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

**তফসিল-১৫**

**[ বিধি ২(ঘ) দ্রষ্টব্য ]**

পরিচ্ছন্নতা কর্মী পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| ক. লিখিত পরীক্ষা | | ৭০ | ৫০% | ৬০ মিনিট |
| ১। | বাংলা | ২০ | | |
| ২। | ইংরেজি | ২০ | | |
| ৩। | গণিত ও পদ সংশ্লিষ্ট বিষয় | ২০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ১০ | | |
| খ. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট নম্বর : | | ৮০ | | |

**ব্যাখ্যা :** পরিচ্ছন্নতা কর্মী পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

## তফসিল-১৬

**[বিধি ২(ঘ) দ্রষ্টব্য]**

অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, কার্যসহকারী, নাজির-কাম-ক্যাশিয়ার, সার্টিফিকেট পেশকার, সার্টিফিকেট সহকারী, ক্রেডিট চেকিং-কাম-সায়রাত সহকারী, মিউটেশন-কাম-সার্টিফিকেট সহকারী পদে সরাসরি বা পদোন্নতির ক্ষেত্রে প্রার্থীগণের কম্পিউটার মুদ্রাক্ষর গতি পরীক্ষার নম্বর, ইত্যাদি

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| কার্যসহকারী | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| নাজির কাম-ক্যাশিয়ার | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| সার্টিফিকেট পেশকার | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| সার্টিফিকেট সহকারী | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| ক্রেডিট চেকিং কাম সায়রাত সহকারী | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| মিউটেশন-কাম-সার্টিফিকেট সহকারী | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যা : (১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(২) ৫ (পাঁচ) শতাংশ অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% হিসাবে গণ্য করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান**, পিএএ
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd